উপজেলা পরিষদ

ঝিনাইগাতী,শেরপুর।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"।

## ঝিনাইগাতী'র পঞ্চম উপজেলা পরিষদের ৬ষ্ঠ মাসিক সাধারণ সভার (অক্টোবর/১৯ খ্রি.) কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ **এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম,** চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ,ঝিনাইগাতী,শেরপুর।

সভার তারিখ ঃ ১০ অক্টোবর,২০১৯ খ্রি.,সময় ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

০১। আলোচনার বিষয় ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার,ঝিনাইগাতী,শেরপুর বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি অত্র উপজেলার বিভিন্ন দপ্তর/বিভাগ ভিত্তিক কার্যক্রম সংক্রান্ত বিষয়াদি আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান। অত:পর আলোচ্য বিষয় অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। আলোচনার বিষয় ঃ বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ২.০১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা কার্যক্রম স্বাভাবিক আছে। এছাড়া হাসপাতালের দাপ্তরিক কার্যক্রম ও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০২। উপজেলা কৃষি অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা কৃষি বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,ঝিনাইগাতী শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৪। উপজেলা মৎস্য অফিসার, ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, নিয়মিত মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও পুকুর পরিদর্শনসহ উপজেলা মৎস্য বিভাগের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা(অতি:),ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | তাকে নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান, উপজেলা শহর (ননমিউনিসিপ্যাল) মাষ্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়নের নিমিত্তে উক্ত উপজেলা হতে ১.৫ কি.মি. রাস্তা, ৫.০ মি. কালভার্ট, ১ হতে ৩টি পাবলিক টয়লেট ও ১.০ কি.মি. ড্রেন এর প্রাক্কলন প্রেরণের নিদেশনা আছে। কিন্তু উপজেলার ভিতরে ড্রেন ও টয়লেট স্থাপন করার মত জায়গা পাওয়া যাচ্ছে না। গত অর্থবছরে উক্ত প্রকল্পেল আওতায় প্রতাবনগর-দাড়িয়ার পাড় রাস্তাটির উন্নয়নের কাজ চলছে। এমতাবস্থায় নির্দেশনা অনুযায়ী চলমান কাজের অবশিষ্ট ১.১০ কি.মি. রাস্তার প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণ করা যেতে পারে। তিনি আরও জানান,উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনের উত্তর পশ্চিম অংশের ওয়াল ঝুঁকিপূর্ণ বিধায় যে কোন সময় ধ্বসে পড়ার সম্ভাবনা রয়েছে। বাসভবন হওয়ার কারণে যে কোন দূর্ঘটনা এড়াতে জরুরী ভিত্তিতে তা সংস্কার করার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন। তিনি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনের উত্তর পশ্চিম অংশের (১ম অংশ) সংস্কার করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। এছাড়া উপজেলা প্রকৌশলী বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।<br>প্রকল্পের নামঃ উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনের উত্তর পশ্চিম অংশের (১ম অংশ) সংস্কার। প্রাক্কলিত অর্থঃ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মধ্যে।<br>প্রকল্প সভাপতি ঃ চেয়ারম্যান,০৫নং ঝিনাইগাতী ইউ.পি,ঝিনাইগাতী,শেরপুর। | উপজেলা প্রকৌশলীর প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত রাস্তার প্রাক্কলন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা নির্বাহী অফিসারের সরকারী বাসভবনের উত্তর পশ্চিম অংশের(১ম অংশ) ঝুঁকিপূর্ণওয়াল সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রাক্কলন প্রস্তুত করে বিধিমোতাবেক রাজস্ব তহবিলের অর্থায়নে জরুরী ভিত্তিতে সংস্কার করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী<br>ঝিনাইগাতী,শেরপুর। |

| | | |
|---|---|---|
| ২.০৭। উপজেলা শিক্ষা অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, ঝিনাইগাতী উপজেলার সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধু কর্নার ও মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করা হয়েছে। উক্ত কর্নার সমৃদ্ধ করার কাজ চলমান। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। অত্র উপজেলায় ১০১ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৭১টি বিদ্যালয়ের ১(এক)জন করে শিক্ষককে ICT বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ডিজিটাল কন্টেন্ট ব্যবহার করে শ্রেণি পাঠদান নিশ্চিত করতে প্রশিক্ষিত সকল শিক্ষকগণকে নিয়ে বিগত ২৬/০৯/২০১৯ খ্রিঃ তারিখে মতবিনিময় ও উদ্বুদ্ধ করন সভা করে তাদেরকে পরামর্শ ও নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা'২০১৯ গ্রহণের জন্য প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া উপজেলা শিক্ষা বিভাগের অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার,ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, ঝিনাইগাতী উপজেলার সকল স্কুল, কলেজ ও মাদ্রাসা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ মাসের মধ্যে "বঙ্গবন্ধু কর্নার" স্থাপনের কাজ স্বল্প পরিসরে সম্পন্ন হয়েছে। এছাড়া ২০ অক্টোবর/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান স্কুল পর্যায়ে ৭ম শ্রেণীর ছাত্র/ছাত্রীদের একটি দলে ৮ থেকে ১০ জন শিক্ষার্থী নিয়ে ০৩ (তিন)টি দলের মাধ্যমে সংশ্লিষ্ট এলাকার মুক্তিযুদ্ধ, শহীদ অথবা প্রয়াত মুক্তিযোদ্ধার নিকটজন এবং সংশ্লিষ্ট এলাকার মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জনকারী ব্যক্তিদের সাক্ষাৎকার গ্রহণ করে সাক্ষাৎকারের ভিডিও চিত্র (অনুর্ধ্ব ২০ মিনিট) কাজ সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.০৯। উপজেলা সমাজসেবা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার,ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১০। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোন আলোচনা করা সম্ভব হয়নি। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, ঝিনাইগাতী,শেরপুর। |
| ২.১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত ভিজিডি কর্মসূচির আওতায় উপকারভোগীদের খাদ্যশস্য বিতরণ নির্ধারিত মাসের মধ্যে বিতরণ সম্পন্ন করার জন্য সম্মানিত ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচির আওতায় ২০১৯-২০ অর্থবছরে প্রতি ইউনিয়নে ৮০জন উপকারভোগী নির্বাচনের নির্দেশনার প্রেক্ষিতে কাংশা ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে। বাকী ইউনিয়নগুলোর তালিকা দ্রুত প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক(আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ৭ম ব্যাচের প্রশিক্ষণ (অক্টোবর-ডিসেম্বর) ১ অক্টোবর/২০১৯ শুরু হয়েছে। ৮ম ব্যাচের প্রশিক্ষণের আবেদনপত্র অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হবে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,ঝিনাইগাতী। |
| ২.১২। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, বিআরডিবি, ঝিনাইগাতী উপজেলায় ৬টি প্রকল্প চলমান রয়েছে। এ মাসে ৫ জন উপকারভোগীর মাঝে ৭৫,০০০/-(পচাত্তর হাজার) টাকা বিতরণসহ বছরে ৪(চার)টি প্রকল্পে ২১জন উপকারভোগীর মাঝে ৩,৫৩,০০০/- (তিনলক্ষ তিপ্পান্ন হাজার) টাকা বিতরণ হয়েছে। এমাসে ঋণ আদায় ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা। বছরে আদায় হয়েছে ৪,৩০,০০০/- (চারলক্ষ ত্রিশ হাজার) টাকা। ২১ জন সদস্যকে উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী |
| ২.১৩। উপজেলা সমবায় অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা সমবায় অফিসার,ঝিনাইগাতী, শেরপুর। |
| ২.১৪। উপজেলা যুব উন্নয়ন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক বিষয়ে কোনো আলোচনা করা সম্ভব হল না। | তাকে পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | উপজেলা যুব উন্নয়ন অফিসার,ঝিনাইগাতী |
| ২.১৫। রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ, ঝিনাইগাতী, শেরপুর এর প্রতিনিধি সভায় জানান, তার রেঞ্জের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ অফিসার, রাংটিয়া রেঞ্জ ঝিনাইগাতী,শেরপুর। |

| | | |
|---|---|---|
| ২.১৬। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর** সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ঝিনাইগাতী, শেরপুর |
| ২.১৭। **উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, ঝিনাইগাতী,** সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে বিভাগীয় কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয় এবং উপজেলা পরিষদ ম্যানুয়াল (চার্টার অব ডিউটি) অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প,ঝিনাইগাতী,শেরপুর |

০৩। আলোচনার বিষয় ঃ বিভিন্ন সদস্যদের বিভাগীয় কার্যক্রম সম্পর্কিত।

| | | |
|---|---|---|
| ৩.০১। **চেয়ারম্যান,কাংশা ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান,তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান,কাংশা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০২। **চেয়ারম্যান,ধানশাইল ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী শেরপুর** সভায় জানান, চলতি বছরে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে ধানশাইল ইউনিয়নের বিভিন্ন কাচা রাস্তাগুলো গর্ত ও ভেঙ্গে যাওয়ায় এবং বিভিন্ন জায়গায় নির্মানকৃত কাঠের ব্রীজ ভেঙ্গে যাওয়ায় জনসাধারেণের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তা ও কাঠের ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত রাস্তা ও কাঠের ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান, ধানশাইল ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৩। **চেয়ারম্যান,নলকুড়া ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, চলতি বছরে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে নলকুড়া ইউনিয়নের বিভিন্ন কাচা রাস্তাগুলো গর্ত ও ভেঙ্গে যাওয়ায় জনসাধারেণের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান, নলকুড়া ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৪। **চেয়ারম্যান,গৌরিপুর ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, চলতি বছরের পাহাড়ী ঢলে গৌরীপুর ইউনিয়নের অনেক জায়গায় মহারশ্মী নদীর বাধ ভেঙ্গে গেছে। তিনি উক্ত নদীর বাধগুলো জরুরীভাবে মেরামতের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। তিনি আরও জানান, চলতি বছরে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে গৌরীপুর ইউনিয়নের বিভিন্ন কাচা রাস্তাগুলো গর্ত ও ভেঙ্গে যাওয়ায় জনসাধারেণের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। তা তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত নদীর বাধ ও রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান, গৌরীপুর ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৫। **চেয়ারম্যান,ঝিনাইগাতী ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান, চলতি বছরে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে ঝিনাইগাতী ইউনিয়নের বিভিন্ন কাচা রাস্তাগুলো গর্ত ও ভেঙ্গে যাওয়ায় এবং বিভিন্ন জায়গায় নির্মানকৃত কাঠের ব্রীজ ভেঙ্গে যাওয়ায় জনসাধারেণের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তা ও কাঠের ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত রাস্তা ও কাঠের ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান ঝিনাইগাতী ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৬। **চেয়ারম্যান, হাতিবান্দা ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী শেরপুর** সভায় জানান, চলতি বছরে পাহাড়ী ঢল ও অতিবৃষ্টির কারনে হাতিবান্দা ইউনিয়নের বিভিন্ন কাচা রাস্তাগুলো গর্ত ও ভেঙ্গে যাওয়ায় এবং বিভিন্ন জায়গায় নির্মানকৃত কাঠের ব্রীজ ভেঙ্গে যাওয়ায় জনসাধারেণের চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। উক্ত রাস্তা ও কাঠের ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। এছাড়া তার ইউনিয়নের পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনা কলামে বর্ণিত রাস্তা ও কাঠের ব্রীজগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্তকর্তা ও চেয়ারম্যান,হাতিবান্দা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |
| ৩.০৭। **চেয়ারম্যান,মালিঝিকান্দা ইউনিয়ন পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর** সভায় জানান,তাঁর ইউনিয়নের তিনানী বাজারের জায়গা স্বল্পতার কারণে প্রতিনিয়তই যানজট লেগেই থাকে। এতে করে স্কুলগামী ছেলে-মেয়েরা অনেক সময় বিভিন্ন দূর্ঘটনার শিকার হয়। এছাড়াও বাজারের জায়গা স্বল্পতা থাকায় তিনি বড় মালিঝিকান্দা মৌজার সাবেক দাগ-৯৬৯, হালদাগ-১৩১৯ এবং পূর্বে-সড়ক ও জনপথের রাস্তা,পশ্চিমে-মালিঝিকান্দা উচ্চ বিদ্যালয়,উত্তরে-জিএম বেলাল ও দক্ষিণে-আব্দুল জব্বার মোল্লা জায়গাটি অধিগ্রহণ করা দরকার। বর্ণিত জমি অধিগ্রহণে সংশ্লিষ্ট হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় অর্থ সরবরাহ করবে বলেও সভায় মত প্রকাশ করেন। | বর্ণিত জমি সরেজমিনে পরিদর্শন পূর্বক বিধিমোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নিবাহী অফিসার,ঝিনাইগাতী,শেরপুরকে অনুরোধ জানয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>তাকে তার ইউনিয়ন পরিষদের সকল কার্যক্রম জোরদার করার পরামর্শ দেওয়া হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা নির্বাহী অফিসার সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও চেয়ারম্যান মালিঝিকান্দা ইউপি ঝিনাইগাতী, শেরপুর। |

| | | |
|---|---|---|
| ৩.০৮। উপজেলা ভাইস চেয়ারম্যান,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। এছাড়াও তিনি বলেন,উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-শেরপুর-ঘ-১১০০১২ এর চালক উক্ত গাড়ীটির কিছু সমস্যার বিষয়াবলী উল্লেখ পূর্বক তা জরুরী ভিত্তিতে মেরামত/সার্ভিসিং করার জন্য আবেদন করেছেন। সে প্রেক্ষিতে তিনি উক্ত জীপ গাড়ীটি ২০১৯-২০২০ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে মেরামত/সার্ভিসিং করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। | আলোচনা কলামে বর্ণিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা পরিষদের জীপ গাড়ী নং-শেরপুর-ঘ-১১০০১২ চাহিদা অনুযায়ী মেরামত/সার্ভিসিং পূর্বক বিল দাখিল করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট কর্মকর্তা<br>এবং<br>ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>ও সদস্য সচিব<br>সংশ্লিষ্ট কমিটি,ঝিনাইগাতী |
| ৩.০৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান,ঝিনাইগাতী,শেরপুর সভায় জানান, উপজেলা পরিষদের ১৭টি স্ট্যান্ডিং কমিটির সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবদের অনুরোধ জানান। | আলোচনা কলামে বর্ণিত উপজেলা পরিষদের ১৭টি বিষয়ে কমিটিগুলোর সভা প্রত্যেক ২ মাস পর পর আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যান(মহিলা)<br>উপজেলা পরিষদ<br>ও সদস্য সচিব,সংশ্লিষ্ট কর্মকর্তা,ঝিনাইগাতী<br>শেরপুর। |

পরিশেষে সভাপতি মহোদয় উপজেলা পরিষদে হস্তান্তরিত দপ্তরের সকল কর্মকর্তাদের উপজেলা পরিষদ আইন, ২০০৯ এবং উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ অনুযায়ী (Charter of Duties) যথাযথভাবে পালন এবং মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রতিটি দপ্তরের প্রজ্ঞাপন, পরিপত্র ও নির্দেশিকা অনুযায়ী যাবতীয় কমিটির সভা ও কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস, এম, আব্দুল্লাহেল ওয়ারেজ নাইম)
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী, শেরপুর।

স্মারক নং-০৫.৩০.৮৯৩৭.০০২.০৫.০০২.২০১৪-৭৪৪(৫)/১(৩৫) তারিখ ঃ ১০-১০-২০১৯ খ্রি.।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

০৩। জেলা প্রশাসক, শেরপুর।

০৪। উপপরিচালক,স্থানীয় সরকার,শেরপুর।

০৫। উপজেলা ......................................অফিসার,ঝিনাইগাতী,শেরপুর।

০৬। চেয়ারম্যান,......................................ইউনিয়ন ও সদস্য,উপজেলা পরিষদ,ঝিনাইগাতী,শেরপুর।

০৭। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা পরিষদ সভা
ঝিনাইগাতী,শেরপুর।